আগামী সপ্তাহে ইরানে হামলা আরও তীব্র হতে পারে: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

আগামী সপ্তাহে ইরানে মার্কিন সামরিক অভিযান আরও জোরালো হতে পারে বলে ইঙ্গিত দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বৃহস্পতিবার (১৬ জুলাই) ফক্স নিউজে প্রচারিত এক সাক্ষাৎকারে তিনি এ মন্তব্য করেন বলে জানিয়েছে ইরান ইন্টারন্যাশনাল।

সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, তেহরান আলোচনায় ফিরলেও ইরানের গুরুত্বপূর্ণ অবকাঠামো, এমনকি বিদ্যুৎকেন্দ্র ও সেতুকেও সম্ভাব্য সামরিক অভিযানের আওতায় রাখা হতে পারে।

এদিকে মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) জানিয়েছে, মঙ্গলবার বিকেল ৪টা থেকে ইরানের বন্দর ও উপকূলীয় অঞ্চল দিয়ে চলাচলকারী জাহাজগুলোর ওপর নৌ অবরোধ পুনরায় কার্যকর করা হয়েছে। একই সঙ্গে মধ্যপ্রাচ্যের বিভিন্ন এলাকায় ২০টির বেশি মার্কিন যুদ্ধজাহাজ এবং শত শত সামরিক বিমান মোতায়েন রয়েছে বলেও জানানো হয়েছে।

অন্যদিকে, হরমুজ প্রণালিকে ঘিরে উত্তেজনা বৃদ্ধি এবং বাণিজ্যিক জাহাজ চলাচলে হামলার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে ভারত ও নিউজিল্যান্ড। দেশ দুটি ইরানের জ্যেষ্ঠ কূটনীতিকদের তলব করে পরিস্থিতি শান্ত করার আহ্বান জানিয়েছে এবং হরমুজ প্রণালিতে উত্তেজনা প্রশমনে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ করেছে।

এদিকে টেলিকম ডেটা, সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের বরাত দিয়ে ফিনান্সিয়াল টাইমস জানিয়েছে, যুদ্ধ শুরুর আগে এবং চলমান সংঘাতের সময় মধ্যপ্রাচ্যে অবস্থানরত মার্কিন সামরিক সদস্য ও ঠিকাদারদের একটি সমন্বিত ফোন-ট্র্যাকিং অভিযানের লক্ষ্যবস্তু করা হয়েছিল।